উন্নয়নের গণতন্ত্র

শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দিঘলিয়া, খুলনা

http://digholia.khulna.gov.bd

...

| | |
|---|---|
| সভাপতি | মো: মাহবুবুল আলম<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | ২৭/১০/২০২১ |
| সভার সময় | দুপুর ০১.০০ |
| স্থান | উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ (স্বাক্ষরের ক্রমানুসারে) |

# অক্টোবর/২০২১ মাসে অনুষ্ঠিত দিঘলিয়া উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী

সভায় করোনা ভাইরাসের (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবে সৃষ্ট দুর্যোগকালীন সময়ে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। উপজেলায় আইসিটির বিস্তার ও উন্নয়ন, সকল সরকারি দপ্তর ও প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল পরিচালনা, সরকারী দপ্তরে ই-নথি বাস্তবায়ন ও অগ্রাধিকার প্রদান, শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ ঘরে বসে শিক্ষা (সংসদ-বাংলাদেশ-টেলিভিশন এর মাধ্যমে), ঘরে বসে বিনোদন, সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত লাইভ করোনা ঝুঁকি টেস্ট ও কোভিড-১৯ ট্র্যাকার, অনলাইন প্রশিক্ষণ সহ অন্যান্য অনলাইন ভিত্তিক কার্যক্রম, অন্যান্য ল্যাবের যথাযথ পরিচালনা, সকল সরকারি দপ্তর ও কম্পিউটার ল্যাবসমূহে নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ রাখা এবং প্রয়োজনীয় অন্যান্য বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

পরিদর্শন সংক্রান্ত:

| ক্রম নং | পরিদর্শনের নাম | উপজেলা নির্বাহী অফিসার |
|---|---|---|
| ০১. | ইউডিসি পরিদর্শন/দর্শন | ০৬ টি |
| ০২. | শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন | ০৪ টি |
| ০৩. | মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন | ০২ টি |

| ক্রঃ | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | জাতীয় তথ্য বাতায়ন সম্পর্কিত | সাধারণ জনগন তথা সেবাগ্রহীতাদের নিকট অবাধ তথ্য সরবরাহের গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে সরকারি দপ্তর/ প্রতিষ্ঠানের তথ্য বাতায়নের যথাযথ ব্যবহারকরণ জনগুরুত্বপূর্ণ ও অত্যাবশ্যক হওয়ায় এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | স্ব স্ব দপ্তর/ প্রতিষ্ঠান জরুরী খবর, বিভিন্ন নোটিশ ও সভার কার্যবিবরণী, সকল ধরনের সেবা/ প্রকল্পের বিস্তারিত তথ্য ও সকল কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধিদের তথ্য স্ব স্ব দপ্তর বাতায়নে সংযোজন ও নিয়মিত হালনাগাদকরণ এবং প্রয়োজনে সহকারী প্রোগ্রামারের থেকে কারিগরি সহায়তা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলাস্থ সকল সরকারি দপ্তর প্রধানগণ , সকল ইউপি চেয়ারম্যানগণ এবং সহকারী প্রোগ্রামার, দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২. | ই-নথি সিস্টেমের বাস্তবায়ন ও অগ্রাধিকার প্রদান | সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর ১৫(১)(ক), ১৫(১)(গ), ১৫(৬) এবং ১৬ নম্বর নির্দেশনাসমূহে ই-নথি বাস্তবায়নের সুস্পষ্ট নির্দেশনা প্রদানসহ ইলেক্ট্রনিক পদ্ধতিতে পত্র গ্রহণ ও পত্র প্রেরণ কার্যক্রমকে অগ্রাধিকার প্রদানের সুস্পষ্ট অনুশাসন রয়েছে। এমতাবস্থায় ই-নথি সিস্টেমের লাইভ সার্ভারে সংযুক্ত দপ্তরসমূহকে কার্যক্রম ত্বরান্বিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | -নথি সিস্টেমের লাইভ সার্ভারে সংযুক্ত দপ্তর (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, উপজেলা সমবায় অফিস, উপজেলা সমাজসেবা অফিস, উপজেলা মহিলা বিষয়ক অফিস, ইউ. আই.টি.আর.সি.ই, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অফিস) সমূহকে ক্রমান্বয়ে পুরোপুরি ই-নথি সিস্টেমে কম্পিউটার ও মোবাইল অ্যাপের মাধ্যমে পত্রগ্রহণ, পত্রজারিকরণ এবং সহকারী প্রোগ্রামারের নিকট কারিগরি সহায়তা গ্রহণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলাস্থ সংশ্লিষ্ট সরকারি দপ্তর প্রধানগণ এবং সহকারী প্রোগ্রামার, দিঘলিয়া, খুলনা। |
| ০৩ | শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ অন্যান্য কম্পিউটার ল্যাবের যথাযথ ব্যবহার | দিঘলিয়া উপজেলার ০৫ টি শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ অন্যান্য কম্পিউটার ল্যাবের যথাযথ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে ল্যাবের কার্যক্রম পরিদর্শনসহ ল্যাব সংশ্লিষ্ট শিক্ষককে প্রশিক্ষণ প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা শিক্ষা অফিস এবং সহকারী প্রোগ্রামার কর্তৃক ল্যাব পরিদর্শন কার্যক্রম পরিচালনার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা শিক্ষা কর্মকর্তা এবং সহকারী প্রোগ্রামার, দিঘলিয়া, খুলনা। |
| ০৪ | মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত | দিঘলিয়া উপজেলাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মাল্টিমিডিয়া ক্লাসরুমের বর্তমান অবস্থা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। mmc.e-service.gov.bd -এই সাইটে প্রতিদিন ক্লাশ চলাকালীন তথ্য আপলোডের জন্য পুনরায় অনুরোধ করা হয়। | mmc.e-service.gov.bd -এই সাইটে প্রতিদিন আপলোড নিশ্চিত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধান, দিঘলিয়া, খুলনা। |
| ০৫ | বিবিধ | ০৫.১। ঘরে বসে শিক্ষা (সংসদ-বাংলাদেশ-টেলিভিশন এর মাধ্যমে), ঘরে বসে বিনোদন, সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত লাইভ করোনা ঝুঁকি টেস্ট ও কোভিড-১৯ ট্র্যাকার, অনলাইন প্রশিক্ষণ, একসেবায় ইউডিসির আয়ের তথ্য আপলোড, তথ্য বাতায়নের সকল তথ্য বাংলা ও ইংরেজীতে হালনাগাদ সহ অন্যান্য অনলাইন ভিত্তিক কার্যক্রম উপর আলোচনা করা হয়। | শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের কারনে ঘরে থাকা শিক্ষার্থীদের ঘরে বসে শিক্ষা কার্যক্রম যা সংসদ টিভির মাধ্যমে প্রচারিত হয়, তা বহুল প্রচার এর ব্যবস্থা নিতে হবে। আইসিটি বিভাগ কর্তৃক পরিচালিত corona.gov.bd এর মাধ্যমে লাইভ করোনা ঝুঁকি টেস্ট, কোভিড-১৯ ট্র্যাকারসহ অন্যান্য অনলাইন প্রশিক্ষণ সম্বন্ধে জানতে সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচারের উদ্যোগ নিতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা শিক্ষা কর্মকর্তা, সহকারী প্রোগ্রামার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধান, দিঘলিয়া, খুলনা। |

অত: পর আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

মো: মাহবুবুল আলম

উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ০৫.৪৪.৪৭৪০.০০০.৩১.০০১.১৮.১৫৪ তারিখ: ১২ কার্তিক ১৪২৮

২৮ অক্টোবর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মাননীয় সংসদ সদস্য, ১০২, খুলনা-০৪

২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা

৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা

৪) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা


৫) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

৬) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর , ঢাকা।

৭) উপজেলা ................................কর্মকর্তা(সকল), দিঘলিয়া, খুলনা।

৮) ইউপি চেয়ারম্যান(সকল), দিঘলিয়া, খুলনা।

৯) অধ্যক্ষ/প্রধান শিক্ষক, শেখ রাসেল ডিজিটাল ল্যাব বা অন্যান্য কম্পিউটার ল্যাবযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান(সকল), দিঘলিয়া, খুলনা।



মো: মাহবুবুল আলম
উপজেলা নির্বাহী অফিসার